গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৫.৯৯.০০০৪.১৮.১৬৮

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ / ১৪ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৪, বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন সেচ খালের ওপর নির্মিত স্লুইস গেট ব্যতীত অন্যান্য স্লুইস গেটসমূহ পরিচালনার লক্ষ্যে উপজেলা পর্যায়ে নিম্নরূপভাবে একটি কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

ক্র. নং	পদবি	দায়িত্ব
১।	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)	সভাপতি
২।	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	সদস্য
৩।	সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা সংগঠনের প্রতিনিধি (পুরুষ)	সদস্য
৪।	সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা সংগঠনের প্রতিনিধি (মহিলা)	সদস্য
৫।	সংসদ সদস্য মনোনীত প্রতিনিধি (পুরুষ)	সদস্য
৬।	সংসদ সদস্য মনোনীত প্রতিনিধি (মহিলা)	সদস্য
৭।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ কর্মকর্তা (কমিউনিটি ডেভেলপমেন্ট)/ সহকারী সম্প্রসারণ কর্মকর্তা (কমিউনিটি ডেভেলপমেন্ট)	সদস্য
৮।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

(ক) নদী ও অভ্যন্তরীণ এলাকার পানির স্তর, জোয়ার-ভাটা, ফসলের মৌসুম, আবহাওয়ার পূর্বাভাস, বন্যা পরিস্থিতি এবং স্থানীয় বাস্তবতা পর্যালোচনা করে স্লুইস গেট খোলা/আংশিক খোলা অথবা বন্ধ রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;
(খ) বন্যা, অতিবৃষ্টি, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, আকস্মিক পানি বৃদ্ধি অথবা অন্যান্য দুর্যোগজনিত পরিস্থিতিতে জনস্বার্থ ও অবকাঠামোর নিরাপত্তা বিবেচনায় জরুরি ভিত্তিতে স্লুইস গেট পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ;
(গ) কৃষি, মৎস্য, পরিবেশ, জননিরাপত্তা, পানি নিষ্কাশন, লবণাক্ততা নিয়ন্ত্রণ এবং পানি নিয়ন্ত্রণ অবকাঠামোর সুরক্ষার স্বার্থে স্লুইস গেট পরিচালনা সংক্রান্ত সমন্বিত সিদ্ধান্ত গ্রহণ;
(ঘ) স্লুইস গেট পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা সংগঠন (Water Management Group/ Water Management Association/ Water Management Federation), স্থানীয় প্রশাসন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, স্থানীয় জনপ্রতিনিধি এবং অন্যান্য সংশ্লিষ্ট অংশীজনের মতামত গ্রহণের মাধ্যমে অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;
(ঙ) স্লুইস গেটের কার্যকারিতা নিয়মিত পরিদর্শন ও মূল্যায়ন করে প্রয়োজনীয় মেরামত, রক্ষণাবেক্ষণ এবং অপারেশন-সংক্রান্ত সমস্যা বা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ;
(চ) কমিটির সকল সিদ্ধান্ত ও সুপারিশ লিখিত কার্যবিবরণীতে সংরক্ষণ, বাস্তবায়ন তদারকি এবং প্রয়োজনীয় রেকর্ড সংরক্ষণ নিশ্চিতকরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৪-০৯-২০২৬
মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব
ফোন : ০২৫৫১০০৭২২
ফ্যাক্স : ৯৫৪০৪০০
ইমেইল : mowrdev2@gmail.com

নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩৫.৯৯.০০০৪.১৮.১৬৮/১ (১১)

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ / ১৪ সেপ্টেম্বর ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। সংস্থাপ্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। প্রধান প্রকৌশলী (সকল জোন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৮। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১১। উপপরিচালক, উপপরিচালক এর দপ্তর, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস।

১৪-০৯-২০২৬
মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব